# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১


---

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/ইউজিসি (পার্ট-৩)/২০২০/১১১৬৭ তারিখ : ১৫।১২।২০২১খ্রি.

**বিষয়: মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

সূত্র:
১.বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্মারক নং: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২১.১১২, তারিখ: ০৩ নভেম্বর ২০২১খ্রি.
২.শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং: ৫৮.০২.০০০০.০০৭.০৬.০০৭(খন্ড-১).১৫-১১৮৫, তারিখ: ২১ অক্টোবর ২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মাধ্যমে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্র ও সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

উপাচার্যের অনুমোদনক্রমে

১৫/১২/২১

(ড. মো: রফিক আল-মামুন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবা- ০১৭০৫-৪০৮০০১
iauregistr@gmail.com

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সকল ফাজিল ও কামিল মাদরাসা।

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/ইউজিসি (পার্ট-৩)/২০২০/১১১৬৭ (৫) তারিখ : ১৫।১২।২০২১খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি (সকল ফাজিল ও কামিল মাদরাসা)।
৩. উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. অফিস নথি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১৫.১২.২০২১
(ফাহাদ আহমদ মোমতাজী)
সহকারী রেজিস্ট্রার

ই-মেইল
০৭/১১/২০২২

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

জরুরি
গোপনীয়

নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২১.১১২

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

প্রাপক:
১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)

বিষয়: মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: ৫৮.০২.০০০০.০০৭.০৬.০০৭(খন্ড-১).১৫-১১৮৫, তারিখ: ২১ অক্টোবর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে প্রাপ্ত পত্র ও সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,

৩-১১-২০২১
ড. ফেরদৌস জামান
সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৮১৬০১১০
ইমেইল: ferdaous@ugc.gov.bd

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রার
ডায়েরি নং 2067 তারিখ 07.11.21

নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২১.১১২/১(১৩)

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
২) পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৩) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৪) পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৫) পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৬) পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৭) পরিচালক (ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৮) পরিচালক/ চিফ রিসার্চ অফিসার (স্ট্র্যাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি এসুরেন্স বিভাগ) , স্ট্র্যাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি এসুরেন্স বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৯) পরিচালক (জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ), জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

১০) পরিচালক (জেনারেল সার্ভিসেস এন্ড এস্টেট বিভাগ), জেনারেল সার্ভিসেস এন্ড এস্টেট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

১১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

১২) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

১৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

[redacted]

৩-১১-২০২১

মোহাম্মদ মামুনুর রশিদ খান

সহকারী সচিব

-১৩-

০১-১১-২০২১


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
website: www.dnc.gov.bd,Email: dgdncbd@gmail.com


স্মারক নম্বর : ৫৮.০২.০০০০.০০৭.০৬.০০৭(খন্ড-১).১৫- ১১৮৫ তারিখ : ২১ অক্টোবর ২০২১

**বিষয় : মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ১০ অক্টোবর ২০২১ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিতে **'মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটি'**র ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২১/১০/২০২১

(মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ)
মহাপরিচালক
ও
সদস্য সচিব
মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক
আন্দোলন সংক্রান্ত কমিটি।
ফোন : ০২- ৪৮ ৩২ ২১ ৮৫।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব, (বিশ্ববিদ্যালয়/কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা।
৯. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১১. মহাপরিচালক, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৪. মহাপরিচালক, তথ্য অধিদপ্তর, ঢাকা।
১৫. পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. পরিচালক (মাধ্যমিক),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৭. পরিচালক (কলেজ),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক ও সদস্য সচিব, স্ট্র্যাটেজিক কমিটি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।


বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
চেয়ারম্যানের দপ্তর
সচিব ..........
পরিচালক (অডি) ..........
পরিচালক (আরএসপি) ..........
পরিচালক (পওু) ..........
পরিচালক (আইএমসিটি) ..........
পরিচালক (বেবি) ..........
পরিচালক (পিইউএম) ..........
পরিচালক (এসপিকিউএ) ..........
পরিচালক (জিএসই) ..........
পরিচালক (পিআরডাআই) ..........
৩১-১০-২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
E-mail: dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

**মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মাহবুব হোসেন
সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
সভার তারিখ : ১০ অক্টোবর, ২০২১
সভার সময় : সকাল ১১: ০০ ঘটিকা
স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হয়েছে।

সভাপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধা ও ভালোবাসায় স্মরণ করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত প্রত্যেক সদস্য নিজ নিজ পরিচয় প্রদান করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ি সভার কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান।

০২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালকের পক্ষে পরিচালক (নিরোধ শিক্ষা) জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি সভার আলোচ্যসূচি ও বিগত ৩য় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ প্রত্যেকে আলোচনায় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন।

০৩। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | বিগত ২৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন। | সভায় মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির ৩য় সভার কার্যবিবরণী অদ্যকার সভায় পাঠ করে শুনানো হয়। | আলোচনা ও পর্যালোচনান্তে ৩য় সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| ০২ | দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে 'মাদকের বিরুদ্ধে না' বলা কর্মসূচি বাস্তবায়ন। | দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে একই সময়ে ০১ (এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে 'মাদকের বিরুদ্ধে না' বলা কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা ও পর্যালোচনা করা হয়। এ প্রসংগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরিচালক (কলেজ ও মাধ্যমিক) বলেন যে, আগামী ২০২২ সালের জানুয়ারি মাসের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণভাবে খুলে যেতে পারে। বর্তমান সময়ে করোনা ভাইরাসের প্রভাবের পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা, এস.এস.সি ও এইচ.এস.সি. পরীক্ষা ইত্যাদি বিষয়গুলো আলোচনায় আসে। এ প্রেক্ষাপটে ২০২২ সালের জানুয়ারি মাসের পর কর্মসূচিটি বাস্তবায়ন করা যুক্তি সংগত হবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>সভাপতি বলেন বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানে যেদিন যে শ্রেণির পাঠদান রয়েছে সেদিন সে শ্রেণির পাঠদান শুরুর পূর্বে কর্মসূচিটি পালন করা যেতে পারে এবং পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে মূল কর্মসূচি বাস্তবায়ন করা হবে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | ২.১ বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানে যে দিন যে শ্রেণির পাঠদান থাকবে সেদিন সে শ্রেণিতে পাঠদান শুরুর আগে মাদকের বিরুদ্ধে না বলা কর্মসূচি পালন করতে হবে।<br><br>২.২ আগামী ২০২২ সালের জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে করোনা জনিত পরিস্থিতি স্বাভাবিক হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তারিখ ও সময় নির্ধারণ করে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচিটি বাস্তবায়ন করতে হবে। | (ক) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br><br>(খ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৩ | মাদকবিরোধী কার্যক্রমে এনজিওদের অংশগ্রহণ। | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো সভায় জানান যে, দেশের সকল এনজিওকে মাদকবিরোধী বিভিন্ন কর্মসূচিতে সম্পৃক্ত হয়ে এনজিও কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রচারণামূলক কর্মসূচি অন্তর্ভুক্ত করতে এবং শিক্ষার্থীদেরকে মাদকবিরোধী শপথবাক্য পাঠ করানোর জন্য নির্দেশনা দেয়া হয়েছে।<br><br>সভাপতি বলেন, এনজিও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের সঠিক সংখ্যা জানা জরুরি। নিবন্ধিত এনজিওগুলো নির্দেশনামতে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে কিনা তা জানতে হবে। | ৩.১ দেশের সকল এনজিও কে মাদকবিরোধী কার্যক্রমে নিবীড়ভাবে সম্পৃক্ত করতে হবে।<br><br>৩.২ এনজিওগুলোর বিভিন্ন কর্মসূচিতে এবং এনজিও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কর্মসূচি অব্যাহত রাখতে হবে।<br><br>৩.৩ এনজিও বিষয়ক ব্যুরো এ সংক্রান্ত তথ্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেরণ করবে। | (ক) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।<br><br>(খ) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| ০৪ | ইসলামিক ফাউন্ডেশনের সহযোগিতায় মাদকবিরোধী প্রচার কার্যক্রম। | ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক বলেন যে, মসজিদের ইমামগণ মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রমের সাথে সম্পৃক্ত রয়েছেন। সারাদেশে ইসলামিক ফাউন্ডেশনের তালিকাভুক্ত ৩,১৩,৩৯৫টি মসজিদ রয়েছে এবং গত অর্থবছরে ১,৯৭,১৩৬টি মসজিদে মাদকবিরোধী বয়ান/আলোচনা হয়েছে। তিনি আরও বলেন সরকারের সকল জনসচেতনতামূলক প্রচারণাকে অন্তর্ভুক্ত করে একটি সমন্বিত বয়ান তৈরি করা হচ্ছে। মাঠ পর্যায়ে ইসলামিক ফাউন্ডেশনের গণশিক্ষা কার্যক্রম চালু রয়েছে এবং ৭৬,০০০ জন শিক্ষক এ কার্যক্রমে সম্পৃক্ত রয়েছেন। তাদের মাসিক সভায় নিয়মিতভাবে মাদকবিরোধী আলোচনা হয়ে থাকে। এ প্রসংগে তিনি আরো জানান যে, সারাদেশে ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমি রয়েছে এবং এ সকল একাডেমির প্রশিক্ষণ সিলেবাসে মাদকের বিষয়ে ২টি সেশন অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। তিনি অন্যান্য ধর্মাবলম্বীদেরকে বিশেষ করে হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মের প্রতিনিধিদের সভায় অংশগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় অন্যান্য সদস্যগনও এ বিষয়ে মতামত রাখেন।<br><br>সভাপতি বলেন, ইসলামিক ফাউন্ডেশনের ন্যায় অন্যান্য ধর্মাবলম্বীদের উপাসনালয়ের মাধ্যমে মাদকবিরোধী প্রচারণা করা প্রয়োজন এবং এ লক্ষ্যে হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টান ট্রাস্টের প্রতিনিধিদের এ সভায় আহ্বান করা প্রয়োজন। | ৪.১ ইসলামিক ফাউন্ডেশনের মাদকবিরোধী কার্যক্রম অব্যাহত রেখে তা আরও জোরদার করতে হবে।<br><br>৪.২ হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মের প্রতিনিধিদের তথা হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টান কল্যাণ ট্রাস্টের প্রতিনিধিদেরকে পরবর্তী সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে হবে। | (ক) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br><br>(খ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।<br><br>(গ) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতায় মাদকের ক্ষতিকর বিষয় নিয়ে প্রামাণ্যচিত্র, নাটক-নাটিকা, শর্ট ফিল্ম, ডকুড্রামা, টিভিসি ইত্যাদি তৈরি ও প্রদর্শন। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি যুগ্ম সচিব জনাব মো: মজিবুর রহমান বলেন, বর্তমানে বাংলাদেশে ০৪টি সরকারি এবং ৫১টি বেসরকারি টেলিভিশন চ্যানেল রয়েছে। সবগুলো চ্যানেলের মাধ্যমে মাদকবিরোধী অনুষ্ঠান প্রচার করা হলে তা খুবই ফলপ্রসু হবে। জেলা পর্যায়ে তথ্য অফিসের সহযোগিতায় স্কুল, কলেজ, হাট-বাজার ও অন্যান্য জনসমাগমস্থলে মাদকবিরোধী প্রচার কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। প্রচার কার্যক্রমে টেলিভিশন, রেডিও ও গণযোগাযোগ অধিদপ্তরের মধ্যে সমন্বয় করা হলে বৃহত্তর জনগোষ্ঠীকে মাদকের বিরুদ্ধে সচেতন করা সম্ভব হবে। বেসরকারি টেলিভিশন মালিকদের সংগঠন (ATCO) এর নেতৃবৃন্দের সাথে আলোচনা করে সকল বেসরকারি চ্যানেলে মাদকবিরোধী অনুষ্ঠান প্রচারের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব মো: আজিজুল ইসলাম বলেন যে, বেসরকারি টেলিভিশন চ্যানেলের মালিকদের সংগঠন (ATCO) এর নেতৃবৃন্দের সাথে আলোচনা করার আগে সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাথে আলোচনা করা হলে তা আরও বেশি কার্যকর হতে পারে। | ৫.১ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতা নিয়ে বেসরকারি টেলিভিশন চ্যানেল মালিকদের সংগঠন (ATCO) এর সাথে আলোচনা করে বেসরকারি টেলিভিশন চ্যানেলে মাদকবিরোধী অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করতে হবে।<br><br>৫.২ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতায় সরকারি টিভি চ্যানেলগুলোতেও মাদকবিরোধী অনুষ্ঠান প্রচার করতে হবে।<br><br>৫.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সরকারি/বেসরকারি টিভি চ্যানেলগুলোতে মাদকবিরোধী অনুষ্ঠান প্রচারের জন্য সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতা নিতে পারে। | (ক) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br><br>(খ) মহাপরিচালক, তথ্য অধিদপ্তর, ঢাকা।<br><br>(গ) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| ০৬ | মাদকাসক্ত মহিলা ও পথ শিশুদের চিকিৎসা পরবর্তী পুনর্বাসন কার্যক্রম। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি উপসচিব জনাব মোহাম্মদ মাশহদুল কবীর বলেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য তাদের নির্দিষ্ট কোন কার্যক্রম নেই। মাদকাসক্তিমুক্ত মহিলাদের পুনর্বাসনের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ের মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের যে সকল ট্রেনিং প্রোগ্রাম রয়েছে সেগুলোতে তাদেরকে যুক্ত করা যেতে পারে। গাজীপুরে অবস্থিত শিশু-কিশোর ও মহিলা নিরাপত্তা কেন্দ্রে পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে। পথ শিশুদের জন্য কারওয়ান বাজার ও কমলাপুরে দুটি শেলটার রয়েছে। পুনর্বাসন কেন্দ্রগুলোতে মাদকাসক্তিমুক্ত শিশু ভর্তি করলে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা যাবে। তাদের বয়স ১৮ বছর হলে তাদেরকে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে যুক্ত করে কর্মসংস্থানের ব্যবস্থা করা যাবে। সারাদেশে তাদের ৪,৮৮৩টি কিশোর-কিশোরী ক্লাব আছে যেখানে প্রশিক্ষণসহ মাদকবিরোধী কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিশোর-কিশোরী ক্লাবের মাধ্যমে সদস্যদেরকে মাদকের কুফল সম্পর্কে সচেতন করা যেতে পারে এবং তাদের প্রশিক্ষণ মডিউলে মাদক বিষয়ক মডিউল অর্ন্তভুক্ত করা যেতে পারে।<br><br>সভায় আলোচনা হয় যে, Recovery Addictদের Database করলে তাদের পুনর্বাসন কার্যক্রম অনেক সহজ হবে।<br><br>সভাপতি বলেন, মহিলা ও শিশু কিশোরদের মাদকের বিরুদ্ধে সচেতন করতে মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর | ৬.১ মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত মাদকবিরোধী কর্মসূচি অব্যাহত রাখতে হবে।<br><br>৬.২ মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর প্রশিক্ষণসহ বিভিন্ন কার্যক্রমে ইসলামিক ফাউন্ডেশনের ন্যায় মাদকের কুফল বিষয় অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>৬.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের সাথে আলোচনা করে করণীয় বিষয় নির্ধারণ করে প্রয়োজনে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে। | (ক) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br><br>(খ) মহাপরিচালক, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর।<br><br>(গ) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বড় ধরণের ভূমিকা রাখতে পারে। তিনি বলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রয়োজনে এ বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের সাথে আলোচনা করে করণীয় বিষয় নির্ধারণ করতে পারে। | | |
| ০৭ | যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগিতায় যুবদেরকে মাদকের ক্ষতিকর বিষয়ে সচেতন করা। | যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (বাস্তবায়ন যুব সংগঠন ও মনিটরিং) জনাব মো: আঃ হামিদ খান বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর অত্যন্ত গুরুত্বের সাথে মাদকবিরোধী কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রশিক্ষণ কোর্সের একটি অংশই রয়েছে মাদক সম্পর্কিত। প্রতিবছর ৩,০৮,০০০ জনকে এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ি প্রশিক্ষণ প্রদান করা হয় যেখানে রিসোর্স পারসনরা মাদকবিরোধী বক্তব্য প্রদান করেন। এ পর্যন্ত ১,১২০টি কর্মশালার আয়োজন করা হয়েছে যার মাধ্যমে ৪৪,৮৮০ জনকে মাদকের ক্ষতিকর বিষয়ে সচেতন করা হয়েছে। এ বছর লক্ষ্যমাত্রা হচ্ছে ৫৭০টি কর্মশালার আয়োজন করা যার মাধ্যমে ২২,৮০০ জনকে সচেতন করা হবে। এসব প্রশিক্ষণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা, পুনবার্সন সংগঠনের কর্মকর্তা ও যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তারা প্রশিক্ষণ দিয়ে থাকে। সভাপতি বলেন যে, প্রশিক্ষণ সেশনগুলোতে অবশ্যই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক বলেন যে, যুবকদেরকে মাদকের বিষয়ে সচেতন করার পাশাপাশি রিকভারী এডিক্টদের পুনর্বাসনের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।<br><br>সভাপতি বলেন, সকল ধরণের প্রশিক্ষণে মাদকের কুফল নিয়ে মডিউল অন্তর্ভুক্ত করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৭.১ মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে যুবকদেরকে সচেতন করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৭.২ মাদকের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি কার্যক্রম বাড়াতে এবং রিকভারী এডিক্টদেরকে পুনর্বাসন করার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও যুব উন্নয়ন অধিদপ্তরের মাঝে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৭.৩ সকল ধরণের প্রশিক্ষণে মাদকের কুফল নিয়ে মডিউল অন্তর্ভুক্ত করতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।<br>(খ) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| ০৮ | দেশের সকল সমুদ্র বন্দর ও নৌবন্দরে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সহযোগিতায় মাদকবিরোধী বিলবোর্ড স্থাপন করা। | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি যুগ্ম সচিব ড. আ.ন.ম. বজলুর রশীদ বলেন যে, বিলবোর্ড স্থাপনের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয়ের যথেষ্ট পরিমাণ জায়গা আছে এবং তাদের সাথে যোগাযোগ করা হলে তারা অনুমতি প্রদানের ব্যবস্থা করবেন।<br><br>সভাপতি বলেন রেল-স্টেশন, বড় বড় বাস-টার্মিনালগুলোতেও এলইডি বিলবোর্ডের মাধ্যমে মাদকবিরোধী টিভিসি প্রচার করা যেতে পারে। সে ক্ষেত্রে একাধিক বিলবোর্ড স্থাপন না করে সিটি কর্পোরেশন বা যেখানে যে সংস্থার বিলবোর্ড রয়েছে সে বিলবোর্ডের স্লট ভাড়া নিয়ে মাদকবিরোধী টিভিসি প্রচার করা যেতে পারে। একইভাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কর্মকর্তাগণ জেলায় স্থাপিত বিলবোর্ডগুলোর মালিক পক্ষের সাথে যোগাযোগ করে মাদকবিরোধী প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ৮.১ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে দেশের সমুদ্র ও নৌবন্দরে বিলবোর্ড স্থাপন করে মাদকবিরোধী প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে। | (ক) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>(খ) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| | | | ৮.২ একাধিক বিলবোর্ড স্থাপন না করে সিটি কর্পোরেশন বা যেখানে যে সংস্থার বিলবোর্ড রয়েছে সে বিলবোর্ডের [illegible] মাদকবিরোধী প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| | | | ৮.৩ বিভিন্ন জেলায় স্থাপিত বিলবোর্ডগুলোর মালিক পক্ষের সাথে যোগাযোগ করে [illegible] মাদকবিরোধী প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯। | বিবিধ আলোচনা : | (ক) মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির দ্বিতীয় সভায় গঠিত জাতীয় পর্যায়ের কমিটিতে ৩য় সভার সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় পর্যায়ে গঠিত কমিটিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অন্তর্ভুক্ত করে গঠিত জাতীয় পর্যায় এবং বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় ও উপজেলা পর্যায়ের কমিটিগুলোর প্রজ্ঞাপন জারী করা হয়নি, যা জারী করা প্রয়োজন।<br><br>সভাপতি বলেন, এ কমিটির ৩য় সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটিগুলোর প্রজ্ঞাপন অবিলম্বে জারী করতে হবে। | ৯.১ এ কমিটির ৩য় সভার সিদ্ধান্ত অনুযায়ী জাতীয়, বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে গঠিত কমিটিগুলোর প্রজ্ঞাপন অবিলম্বে জারী করতে হবে। | (ক) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।<br><br>(খ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। |
| | | (খ) মাদকের বিরুদ্ধে সমাজের সর্বস্তরে সচেতনতা সৃষ্টির জন্য সমন্বিত সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে অধিদপ্তরের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। সভায় আলোচনা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদিত মাদকের ভয়াবহ আগ্রাসন রোধে প্রণীত এ্যাকশন প্লান এর মাদকবিরোধী প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম অধিদপ্তরের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন।<br><br>সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত মাদকের ভয়াবহ আগ্রাসন রোধে প্রণীত এ্যাকশন প্লান এর মাদকবিরোধী প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রমে যে কর্মসূচিগুলো এ কমিটির আলোচনায় সুনির্দিষ্টভাবে আসেনি সে কর্মসূচিগুলো অধিদপ্তরের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করে আগামী সভায় আলোচনায় আনতে হবে।<br><br>সভাপতি আরও বলেন, অধিদপ্তরের উপস্থাপিত কর্মপরিকল্পনা অনুযায়ী Software-এ বর্ণিত Activities গুলোকে Define করতে হবে। | ৯.২ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত মাদকের ভয়াবহ আগ্রাসন রোধে প্রণীত এ্যাকশন প্লান এর মাদকবিরোধী প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রমে যে কর্মসূচিগুলো এ কমিটির আলোচনায় সুনির্দিষ্টভাবে আসেনি সে কর্মসূচিগুলো অধিদপ্তরের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করে আগামী সভায় আলোচনার জন্য উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| | | (গ) মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়নে অধিদপ্তরের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়।<br><br>সভাপতি বলেন, এ পরিকল্পনা আরও বস্তুনিষ্ঠ করে বাস্তবায়ন করা হলে মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনে একটি নতুন মাত্রা যোগ হতে পারে। তবে মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন এ কমিটির কার্যপরিধিভুক্ত নয়। | --- | --- |
| | | (ঘ) স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি উপসচিব (পরিচালক-২) জনাব মোঃ জসিম উদ্দিন বলেন যে, কোন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে মাদকমুক্ত রাখার জন্য পুরস্কার প্রদানের ব্যবস্থা করলে তা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে একটি প্রতিযোগিতার সৃষ্টি করতে পারে। এ প্রসংগে তিনি নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলার প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার জনাব শুক্লা সরকার ও পাবনা জেলার আটঘরিয়া উপজেলার | ৯.৩ মাদকমুক্ত শিক্ষাঙ্গন গড়ে তোলার লক্ষ্যে নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলার প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার জনাব শুক্লা সরকার ও পাবনা জেলার আটঘরিয়া উপজেলার প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার জনাব আকরাম আলী কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত | (ক) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br><br>(খ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার জনাব আকরাম আলী কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী কার্যক্রম সভাকে জানান এবং তা অনুসরণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।<br><br>সভাপতি উক্ত দুই উপজেলার উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী কার্যক্রম এর প্রশংসা করেন এবং তাঁদের গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের অনুরোধ জানান। | মাদকবিরোধী কার্যক্রম তাদের নিকট হতে সংগ্রহ করে কার্যক্রমের বিস্তারিতরূপ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |

০৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৭/১৫

(মোঃ মাহবুব হোসেন)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ও
সভাপতি
মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক
আন্দোলন সংক্রান্ত কমিটি।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব, (বিশ্ববিদ্যালয়/কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা।
৯. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১১. মহাপরিচালক, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৪. মহাপরিচালক, তথ্য অধিদপ্তর, ঢাকা।
১৫. পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. পরিচালক (মাধ্যমিক),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৭. পরিচালক (কলেজ),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।